ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯৪
শান্তিরবাজার, ২৩ এপ্রিল, ২০২৫

**জোলাইবাড়ি ও বকাফা ব্লকে প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনায় ১২৪৬ জন উপকৃত**

প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা ২.০ এর আওতায় গত অর্থবছরে জোলাইবাড়ি ও বকাফা ব্লক এলাকায় মোট ১২৪৬ জন সুবিধাভোগী উপকৃত হয়েছেন। এ যোজনায় জোলাইবাড়িতে ৯৪২ জন এবং বকাফাতে ৫০৪ জন প্রসূতি মা উপকৃত হয়েছেন। এই যোজনায় সুবিধাভোগী মায়েরা প্রথম সন্তানের ক্ষেত্রে ৫ হাজার টাকা এবং দ্বিতীয় সন্তান যদি কন্যাসন্তান হয় তাহলে সেক্ষেত্রে ৬ হাজার টাকা সহায়তা পান। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের বিলোনীয়া জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****